

## 💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

২৪: তাওহীদ কয় প্রকার ও কি কি?

তাওহীদ বা আল্লাহ্র একত্ববাদ তিন প্রকারঃ

১. ইবাদতের ক্ষেত্রে আল্লাহ্র একত্ববাদঃ এর অর্থ হচ্ছে, আমাদেরকে এমর্মে অকাট্য বিশ্বাস পোষণ করতে হবে যে, একমাত্র আল্লাহই এককভাবে ইবাদত পাওয়ার যোগ্য, এতে তাঁর কোনো অংশীদার নেই। আল্লাহ তা'আলা বলেন,

"তাদেরকে কেবলমাত্র এই নির্দেশ করা হয়েছে যে, তারা খাঁটি বিশ্বাসের সহিত এবং একনিষ্ঠভাবে আল্লাহ্র ইবাদত করবে" (বাইয়্যেনাহ ৫)।

২. রুবুবিয়াত তথা প্রতিপালনের ক্ষেত্রে আল্লাহ্র একত্ববাদঃ অর্থাৎ আমাদেরকে এই অকাট্য বিশ্বাস পোষণ করতে হবে যে, একমাত্র আল্লাহই সবকিছুর সৃষ্টিকর্তা, রিযিক্বদাতা এবং পরিচালক; এক্ষেত্রে তার কোনো অংশীদার নেই এবং নেই কোনো সহযোগীও। মহান আল্লাহ বলেন,

"নিশ্চয় মহান আল্লাহই একমাত্র রিযিক্কদাতা, মহাশক্তিমান এবং পরাক্রান্ত" (যারিয়াত ৫৮)। তিনি আরো বলেন,

"তিনি আকাশ থেকে পৃথিবী পর্যন্ত সবকিছু পরিচালনা করেন" (সাজদাহ ৫)।

৩. আল্লাহ্র সুন্দরতম নামসমূহ এবং গুণাবলীর ক্ষেত্রে একত্ববাদঃ অর্থাৎ এই বিশ্বাস করতে হবে যে, মহান আল্লাহ্র সুন্দরতম নামসমূহ এবং পরিপূর্ণ গুণাবলী রয়েছে, যেগুলি কুরআনুল কারীম ও সহীহ হাদীস দ্বারা প্রমাণিত। মহান আল্লাহ বলেন.

"আর আল্লাহ্র রয়েছে সুন্দরতম নামসমূহ। অতএব, সেগুলির মাধ্যমেই তাঁকে ডাকো" (আ'রাফ ১৮০)। এই নামসমূহ এবং গুণাবলীতে কোনোরূপ পরিবর্তন-পরিবর্ধন করা যাবে না এবং এগুলির কল্পিত কোনো আকৃতি



যেমন স্থির করা যাবে না, তেমনি কোনো সৃষ্টির সাথে সেগুলির কোনোরূপ সাদৃশ্য বিধানও করা চলবে না। আমাদেরকে আরো বিশ্বাস করতে হবে যে, মহান আল্লাহ্র মত আর কেউ নেই। আল্লাহ বলেন,

﴿لَياسَ كَمِتْ اللهِ السَّمِيعُ ٱلسَّمِيعُ ٱلآبَصِيرُ ١١ ﴾ [الشورا: ١١]

"কোন কিছুই তাঁর অনুরূপ নয়। তিনি সর্বশ্রোতা এবং সর্বদ্রষ্টা" (শূরা ১১)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1509

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন